



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী
web- <http://seo.rajshahi.gov.bd>



স্বাভাবিক
নয়বে

স্মারক নং- ৭৩০২/২/প্র।

তারিখ : ০৯/০৪/২০২৩

বিষয় : নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বিনয়ের সাথে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.১৯.০০২.২০২২-৬৩৯, তারিখ : ২৮.০৩.২০২৩ খ্রি. মোতাবেক জনাব মোঃ হারুন অর রশিদ নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয় হতে পাবনা জিলা স্কুল, পাবনা-এ বদলিভিত্তিক পদায়ন করায় তিনি গত ২৪.০৩.২০২৩ খ্রি. তারিখে প্রধান শিক্ষকের দায়িত্বভার হস্তান্তর করেন। সিনিয়র শিক্ষক মোঃ আবু হানিফ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দায়িত্বভার গ্রহণ করেন। বিদ্যালয়ের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে আর্থিক লেনদেনের ক্ষমতা প্রাপ্তির আবেদনসহ সংশ্লিষ্ট কাগজপত্র অত্র দপ্তরে দাখিল করেছেন।

এমতাবস্থায় বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদানের নিমিত্তে সংশ্লিষ্ট কাগজপত্র এতদসঙ্গে সবিনয়ে প্রেরণ করা হলো।

ড. শরমিন ফেরদৌস চৌধুরী
(ড. শরমিন ফেরদৌস চৌধুরী)
উপ-পরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী

০৯/০৪/২৩

প্রাপক : মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- ৭৩০২/২/প্র: (২)

তারিখ : ০৯/০৪/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। প্রধান শিক্ষক, নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নাটোর।
- ০২। সংরক্ষণ নথি।

ড. শরমিন ফেরদৌস চৌধুরী
(ড. শরমিন ফেরদৌস চৌধুরী)
উপ-পরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল, রাজশাহী

০৯/০৪/২৩